



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর-১২১৬
www.dpe.gov.bd



স্মারক নং: ৩৮.০১.০০০০.১৪০.০১৬.০১৭(১)২০০৭ - ২০০৮

তারিখ: ৬২ ভাদ্র, ১৪২৭
২৫ সেপ্টেম্বর, ২০২০


পরিপত্র

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বাষিকী উদযাপন উপলক্ষ্যে “পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর” কার্যক্রমের পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে পরিষ্কার-পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত ও নির্মল পরিবেশবান্ধব সমাজ নির্মাণের জন্য বাসা-বাড়ি, অফিস-কর্মস্থল এবং প্রাথমিক বিদ্যালয়ের পরিচ্ছন্ন ও স্বাস্থ্যসম্মত পরিবেশ নিশ্চিতকরণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়েছে।

২। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ কর্তৃক দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদনে প্রতীয়মান হয় যে, মাঠ পর্যায়ের অফিসসমূহ এবং অধিকাংশ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণিকক্ষ, আঙ্গিনা, মাঠ টয়লেট ও ভবনের ছাদ যথাযথভাবে পরিষ্কার পরিচ্ছন্ন রাখা আবশ্যিক। কোন কোন ক্ষেত্রে দেখা যায় যে, অফিস ভবন এবং বিদ্যালয়ের ছাদ আঙ্গিনাতে আবর্জনা পড়ে থাকে। ফলে এ সকল স্থানে মশা-মাছিসহ বিভিন্ন মারাত্মক রোগ জীবানু জন্ম নেয় এবং স্বাস্থ্যসম্মত পরিবেশ বজায় থাকে না। পাশাপাশি ভবনসমূহ দ্রুত বিনষ্ট হয়।

৩। বর্ণিত অবস্থায় সুন্দর, মনোরম ও স্বাস্থ্যসম্মত পরিবেশ বজায় রাখতে বাসা/বাড়িসহ অফিস ভবন এবং প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণিকক্ষ, আঙ্গিনা, টয়লেট ও ভবনের ছাদ যথাসময়ে পরিষ্কার-পরিচ্ছন্ন থাকা অত্যন্ত জরুরী। এ লক্ষ্যে মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা, কর্মচারী, শিক্ষক/শিক্ষিকা এবং শিক্ষার্থীদের সম্পৃক্ত করে কমপক্ষে মাসে দুইবার অফিস ভবন, প্রাথমিক বিদ্যালয়ের ছাদ ও আঙ্গিনাসহ সার্বিক পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন করতে হবে। বিদ্যালয়ের টয়লেট ও শ্রেণিকক্ষ নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। পাশাপাশি সকল ছাত্র-ছাত্রীদের নিজ নিজ বাসা/বাড়ি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে উদ্বুদ্ধ করতে হবে। উল্লেখ্য বর্তমানে করোনা পরিস্থিতির কারণে দীর্ঘদিন যাবৎ বিদ্যালয়সমূহ বন্ধ রয়েছে। অদূর ভবিষ্যতে বিদ্যালয় খোলার সাথে সাথে বিদ্যালয় পরিষ্কার রাখার লক্ষ্যে প্রতিটি শ্রেণিকক্ষের বাহিরে ডাস্টবিন রেখে তার ব্যবহারের বিষয়ে শিশুদের শিক্ষা প্রদানের জন্য যথাযথ পর্যায়ে নির্দেশনা দিতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানে সাপ্তাহিক কার্যসূচি হিসাবে এক ঘণ্টা পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়টি অন্তর্ভুক্ত করার ব্যবস্থা নিতে হবে।

৪। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বাষিকী উদযাপন উপলক্ষ্যে “পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর” পরিকল্পনা বাস্তবায়নে সকল স্তরে সুন্দর, মনোরম ও স্বাস্থ্যসম্মত পরিবেশ বজায় রাখতে উপরের নির্দেশনাসমূহ যথাযথভাবে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।


সোহেল আহমেদ
অতিরিক্ত মহাপরিচালক

বিতরণ:

- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর ও ময়মনসিংহ বিভাগ।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
- ৩। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।
- ৪। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল) (বিদ্যালয় পর্যায়ে বাস্তবায়নের অনুরোধসহ)।
- ৫। ইন্সট্রাক্টর, থানা/উপজেলা রিসোর্স সেন্টার (সকল)।

সদয় অবগতির জন্য:

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি-৪) মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। সংরক্ষণ নথি।